

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৫৮

১৫/ হজ্জ (حما باتك)

পরিচ্ছেদঃ ১৫/৮১. মক্কাহ থেকে হিজরাতকারী ব্যক্তির হজ্জ ও উমরাহ্ সম্পন্ন করার পর প্রবাসী ব্যক্তির জন্য অনুর্ধ তিনদিন মক্কায় অবস্থান করা বৈধ।

جواز الإقامة بمكة للمهاجر منها بعد فراغ الحج والعمرة ثلاثة أيام بلا زيادة

আর্বী

حديث العَلاَءِ بْنِ الْحَضْرَمِيِّ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ثَلاَثُ لِلمُهَاجِرِ بَعْدَ الصَّدَرِ

বাংলা

৮৫৮. আলা ইবনুল হাযরামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বললেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মুহাজিরদের জন্য তাওয়াফে সদর* আদায় করার পর তিন দিন মক্কায় থাকার অনুমতি আছে।**

ফুটনোট

* হাজ্জ এর কার্যসমূহ সমাপন করে মিনা হতে প্রত্যাবর্তন করার পর কাবা ঘরের যে তাওয়াফ করা হয় তাকে বুঝানো হয়েছে।

** মক্কাহ বিজয়ের পূর্বে যারা হিজরাত করেছিলেন তাদের জন্য পুনরায় মক্কায় অবস্থান করা হারাম ছিল। কিন্তু যারা হাজ্জ বা উমরাহ এর উদ্দেশ্যে মক্কায় আসবে তারা তাদের হাজ্জ উমরাহ এর কাজ সমাধা করে মাত্র তিন দিন প্রয়োজন হলে অবস্থান করতে পারবে-তাতে নিষেধ নেই।

সহীহুল বুখারী, পর্ব ৬৩ : আনসারগণের মর্যাদা, অধ্যায় ৪৭, হাঃ ৩৯৩৩; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৮১, হাঃ নং ১৩৫২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলা ইবনল হাযরামী (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=84086}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন